দৈনিক ইত্তেফাক

তারিখ 29 DEC 1988
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

সাভারের দারুল এহসান উদ্বোধন

# শিক্ষাই মানবজাতির জন্য মৌলিক প্রয়োজন

## —এরশাদ

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ গতকাল (বৃহস্পতিবার) সাভারে উচ্চতর ইসলামী শিক্ষা ইনষ্টিটিউট দারুল এহসান উদ্বোধনী ভাষণে আশা প্রকাশ করেন যে, নৈতিক ও সামাজিক শক্তি হিসাবে ইসলামকে অনুধাবনের ক্ষেত্রে এই প্রতিষ্ঠান হইবে কেন্দ্রবিন্দু।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, মক্কাভিত্তিক মুসলিম ওয়ার্ল্ড লীগের সেক্রেটারী জেনারেল ডঃ আবদুল্লাহ ওমর নাসিফ, ক্যাম্ব্রিজ ইসলামী একাডেমীর সভা-

(১১শ পৃঃ দ্রঃ)

### এরশাদ

(১ম পৃঃ পর)

পতি শেখ আহমদ জামজুন, জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান, উচ্চতর ইসলামী শিক্ষা ইনষ্টিটিউটের ডীন শেখ মোহাম্মদ আবদুর রহীম জাদ বেদারুদ্দিন, দারুল এহসান ট্রাষ্ট্রের চেয়ারম্যান সৈয়দ আলী আশরাফ ও ইনষ্টিটিউটের সহকারী রেক্টর সৈয়দ আলী নকীও বক্তৃতা করেন। অধ্য পক আনোয়ার দিল প্রেসিডেন্ট এরশাদকে একটি ইসলামী ক্যালিগ্রাফি এবং বিভিন্ন প্রতিষ্ঠানকে অপর কয়েকটি ক্যালিগ্রাফি উপহার দেন। শেখ মোহাম্মদ আবদুররহীম জাদ্ বেদারুদ্দিন ইনষ্টিটিউটের সাফল্য কামনা করিয়া মুনাজাত পরিচালনা করেন। অন্যান্যের মধ্যে মন্ত্রীবর্গ, উচ্চপদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তা, কূটনীতিক ও শিক্ষাবিদগণ উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, বর্তমান বিশ্বের জনগোষ্ঠীর প্রায় এক-পঞ্চমাংশ অশিক্ষিত এবং তাহাদের অধিকাংশই উন্নয়নশীল দেশসমূহের। এমনকি এই শতাব্দীতেও শিল্পোন্নত দেশসমূহের প্রায় এক কোটি ৭০ লক্ষ লোক লিখিতে ও পড়িতে পারে না। এই প্রেক্ষিতে সকলের জন্য মৌলিক শিক্ষা ও গণশিক্ষা আগামী দশকের সবচেয়ে বড় প্রয়োজন। সকলের জন্য শিক্ষার ব্যবস্থা করার ব্যাপারে বিশ্বব্যাপী নূতন করিয়া চেতনা সৃষ্টি হইয়াছে এবং জাতিসংঘ, আন্তর্জাতিক সংস্থাসমূহ ও বিভিন্ন দেশ একযোগে এ লক্ষ্যে কাজ করিয়া যাইতেছে। প্রেসিডেন্ট এরশাদ বলেন, ইনষ্টি টিউট যদি ইসলামের সার্বজনীন পূর্ণাঙ্গ শিক্ষার বিশ্বব্যাপী বিস্তার ঘটাইতে পারে তাহা হইলে ইহার মহান মিশন পূর্ণ হইবে। বাংলাদেশ এই বেসরকারী উদ্যোগকে ইসলামী উম্মাহর সহযোগিতা জোরদারের তাৎপর্যপূর্ণ পদক্ষেপ হিসাবে স্বাগত জানায়।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, ভ্রাতৃপ্রতিম দেশ সৌদী আরব শুধু ইসলামের পবিত্রতম স্থানসমূহের হেফাজতকারীই নয়, মুসলিম দেশসমূহের মধ্যে মৈত্রী ও ঐক্যের বন্ধন দৃঢ়করণেও কেন্দ্রীয় ভূমিকা পালন করে। আনন্দের বিষয় যে, সরকারের পাশাপাশি সৌদী আরবের বিশিষ্ট ব্যক্তিবর্গ শিক্ষা ও অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে অপর দেশসমূহকে সাহায্য করিতে আগাইয়া আসিয়াছেন। বাংলাদেশের বিশিষ্ট বন্ধুবর্গ এই বেসরকারী ইনষ্টিটিউট প্রতিষ্ঠায় আগাইয়া আসিয়াছেন। দেশীবিদেশী মনীষীদের পরিচালনা, পরামর্শ, উদার সমর্থন ও সহযোগিতায় এই ইনষ্টিটিউটটি একটি অনুপম কেন্দ্রে পরিণত হইবে। সরকার গভীর আগ্রহের সঙ্গে এই ইনষ্টিটিউটের অগ্রগতি প্রত্যক্ষ এবং সর্বতোভাবে সহায়তা করিবে।

দারুল এহসান ট্রাষ্টের সুযোগ-সুবিধাদি বাংলাদেশে সম্প্রসারিত করায় প্রেসিডেন্ট এরশাদ ডঃ নাসিফকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বলেন, এই ইনষ্টিটিউটে সার্কভুক্ত দেশসমূহের ছাত্রদের অন্তর্ভুক্ত করার তাঁহার প্রস্তাব গ্রহণযোগ্য।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামী আশা প্রকাশ করেন যে, ইনষ্টিটিউট বিশ্বের এই অঞ্চলে উচ্চতর ইসলাম শিক্ষদানে অবদান রাখিবে।

ডঃ আবদুল্লাহ ওমর নাসিফ বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকার সকল ক্ষেত্রে বেসরকারী উদ্যোগকে উৎসাহিত করিতেছেন এবং তিনি নিশ্চিত যে, এই ইনষ্টিটিউট সরকারের প্রশাসনিক, একাডেমিক ও আর্থিক সমর্থন লাভ করিবে।